



West Bengal Council of Higher Secondary Education

Vidyasagar Bhavan

9/2, Block DJ, Sector – II, Salt Lake
Kolkata – 700091

No. ১/PR/১১০৭/২০১৫

Date: ১৩/৫/২০১৫

CIRCULAR

প্রতি :

প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা/ভারপ্রাপ্ত শিক্ষক/শিক্ষিকা

বিষয় : একাদশ শ্রেণীর ‘বাঙালির ভাষা ও সংস্কৃতি পাঠ্যপুস্তক

মান্যবরেষু,

আপনারা অবগত আছেন যে, উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ কর্তৃক পরিবর্তিত পাঠ্যক্রম (২০১৩) অনুযায়ী একাদশ শ্রেণীর বাংলা ক-বিষয়ের নতুন পাঠ্যক্রমের পূর্ণমান ১০০ নম্বর-এর মধ্যে (১) সাহিত্য - ৫৭ নম্বর, (২) ভাষা, বাংলা শিল্প-সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস - ২৩ নম্বর ও (৩) প্রকল্প(প্রুফ সংশোধনসহ) - ২০ নম্বর ধার্য করা হয়েছে। উপরিউক্ত (২) ও (৩) অংশের মোট ৪৩ নম্বরের জন্য পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ কর্তৃক প্রণীত ও প্রকাশিত একমাত্র এবং অবশ্যপাঠ্য বইটির নাম “বাঙালির ভাষা ও সংস্কৃতি।

গত দুই বছরের পরিসংখ্যান অনুযায়ী সকল ছাত্র-ছাত্রীদের কাছে এই বইটি অবশ্য পাঠ্য হিসেবে পৌছায় নি বলে জানা গেছে। এই পরিপ্রেক্ষিতে সকল প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা/ভারপ্রাপ্ত শিক্ষক/শিক্ষিকাদের এই মর্মে নির্দেশ দেওয়া হচ্ছে, ছাত্রছাত্রীরা যেন অন্য কোনো অ-অনুমোদিত বই/সহায়ক পুস্তক/অর্থ পুস্তক-এর উপর নির্ভর না করে একমাত্র সংসদ কর্তৃক অনুমোদিত এই বইটিই পঠন-পাঠনের জন্য অনুসরণ করে, তা তাঁরা সুনিশ্চিত করেন। এই বইটি বুক সিডিকেট (প্রাঃ) লিমিটেড, [৩৫নং কলেজ স্ট্রীট, কলকাতা ৭০০০৭৩ (০৩৩) ২২৫৭০৭৫৪] থেকে উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ-এর পক্ষে প্রকাশিত।

আশা করি বইটির গুরুত্ব অনুধাবন করে আপনারা বইটি সংগ্রহের জন্য ছাত্রছাত্রীদের সুনির্দিষ্ট নির্দেশ দেবেন।

নমস্কার নেবেন।

সভাপতি

পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ